

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা।
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৩.২২.০০১.১৭.৩৪


তারিখ: ২৬ পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ।
১০ জানুয়ারি, ২০২১ খ্রিস্টাব্দ।

বিষয়: স্থানীয় সরকার বিভাগের আদেশ/নির্দেশনা যথাযথভাবে প্রতিপালনের জন্য সকল পৌর মেয়রগণকে নির্দেশনা প্রদান।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, জনস্বার্থে অথবা প্রশাসনিক কারণে স্থানীয় সরকার বিভাগের আওতাধীন পৌরসভাসমূহের কর্মকর্তা/কর্মচারীদেরকে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এক পৌরসভা হতে অন্য পৌরসভায় বদলি/পদায়নের আদেশ জারি করা হলে কিছু কিছু পৌরসভার মেয়রগণ উর্ধ্বতন কর্তৃপক্ষের উক্ত আদেশ প্রতিপালন না করে প্রশাসনিক জটিলতার সৃষ্টি করছেন। এতে বদলির আদেশাধীন কর্মকর্তাগণ দীর্ঘদিন যাবৎ ভাসমান অবস্থায় বেতন-ভাতা ছাড়া মানবেতর জীবন যাপন করেন।

০২। পৌর মেয়রগণের এরূপ আচরণে পৌরসভার প্রশাসনিক শৃঙ্খলা ভেঙে পড়ছে এবং জনমনে এবং পৌরসভার কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি হচ্ছে। উর্ধ্বতন কর্তৃপক্ষ হিসাবে স্থানীয় সরকার বিভাগের প্রদত্ত আদেশ অমান্য করা অসদাচরণ বা ক্ষমতার অপব্যবহারের সামিল।

০৩। এমতাবস্থায়, প্রশাসনিক শৃঙ্খলা বজায় রাখার স্বার্থে যে সকল পৌরসভার মেয়রগণ উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা প্রতিপালন না করে বদলির আদেশাধীন/নবনিয়োগকৃত কর্মকর্তা-কর্মচারীদের যোগদানে বাধা সৃষ্টি এবং প্রশাসনিক জটিলতার সৃষ্টি করছেন সে সকল পৌরসভায় স্থানীয় সরকার বিভাগ হতে সকল ধরনের আর্থিক বরাদ্দ, জলবায়ু প্রকল্প এবং এলজিইডি/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক চলমান/বাস্তবায়নাধীন প্রকল্প বন্ধ রাখা হবে মর্মে পৌর মেয়রগণকে নির্দেশক্রমে সতর্ক করা হলো।


১০.০১.২০২১

(মোহাম্মদ ফারুক হোসেন)

উপ সচিব

ফোনঃ ৯৫১৪১৪২

মেয়র/প্রশাসক

-----পৌরসভা (সকল)।

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট, পুরাতন বন ভবন, ১০১ মহাখালী, ঢাকা।
- ০৩। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, এলজিইডি ভবন, আগারগাঁও, ঢাকা।
- ০৪। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা।
- ০৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- ০৬। উপসচিব, পৌর-২ শাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৭। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ০৮। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি পৌর-১ এবং পৌর-২ এর শাখার ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।